**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 9/5/2021 **গভর্নর ক্যাথি হোচুল**

# আইডা বন্যায় ক্ষতিগ্রস্ত সম্প্রদায় পরিদর্শনের পর গভর্নর হোচুল ত্বরান্বিত গুরুত্বর দুর্যোগ ঘোষণার অনুরোধে স্বাক্ষর করেছেন

***অনুরোধটি স্থানীয় সরকারসমূহ এবং নিউ ইয়র্কবাসীর জন্য ফেডারেল আর্থিক ত্রাণ আহ্বান করে— অনুমোদন পেলে, ঘোষণাটি হারিকেন আইডার ক্ষয় কাটিয়ে উঠতে নিউ ইয়র্কবাসীদের ব্যক্তিগত ও সরকারি সহায়তা প্রদান করবে***

***বীমাহীন পরিবারসহ স্থানচ্যুত নিউ ইয়র্কবাসীরা বাড়ির সহায়তা, এর সাথে বিপদ কাউন্সেলিং, বেকার সহায়তা, বাড়ির মেরামত, ও আইনি সেবার জন্য তহবিল পাওয়ার যোগ্য হবে***

***গভর্নর হোচুল ny.gov/ida তে নতুন অনলাইন রিসোর্স হাব শুরু করেছেন যেখানে নিউ ইয়র্ক বাসীরা কি কি সহায়তা প্রোগ্রাম আছে এবং আশ্রয় ও খাদ্য পাওয়া সংক্রান্ত আরো তথ্য খুঁজতে পারবে***

***গভর্নর হোচুল পূর্বে-লাভ করা বিপদ প্রশমন ফেডারেল জরুরি ব্যবস্থাপনা এজেন্সি তহবিল দিয়ে (Federal Emergency Management Agency, FEMA) 378 মিলিয়ন মার্কিন ডলার চরম আবহাওয়ার মোকাবেলায় নিউ ইয়র্কের অবকাঠামো মজবুত করতে নির্দেশনা দিয়েছেন***

***নিউ ইয়র্কবাসীদের বীমার দাবি দাখিল করতে ইয়োঙ্কার্স, মামারোনেক, এবং পূর্ব এলমহার্স্টসহ নিউ ইয়র্ক সিটির পাঁচটি বরোতে অবস্থিত ডিপার্টমেন্ট অফ ফাইন্যান্সিয়াল সার্ভিসেসের সাইট সাহায্য করবে।***

***পূর্ব এলমহার্স্টের ক্ষতিগ্রস্ত সম্প্রদায়ে গভর্নরের পরিদর্শনের ছবি দেখা যাবে এখানে এবং এখানে, ইনউডের এখানে, মামারোনেকের এখানে, ইয়োঙ্কার্সের এখানে, এবং স্ট্যাটেন আইল্যান্ডের এখানে***

হারিকেন আইডা থেকে হওয়া বন্যায় ক্ষতিগ্রস্ত সম্প্রদায়সমূহ পরিদর্শনের পর, গভর্নর ক্যাথি হোচুল আজকে রাষ্ট্রপতি বাইডেনের কাছে একটি ত্বরান্বিত গুরুতর দুর্যোগ ঘোষণার (Major Disaster Declaration) অনুরোধে স্বাক্ষর করেছেন। রাষ্ট্রপতির অনুমোদন পেলে, ঘোষণাটি ঝড়ের ক্ষয় কাটিয়ে উঠতে থাকা যোগ্য নিউ ইয়র্কবাসীর জন্য ব্যক্তিগত ও সরকারি সহায়তা প্রদান করবে। ঘোষণার অনুরোধের মাধ্যমে, গভর্নর অনুরোধ করছেন যে বন্যা বীমা নেই যাদের তারাসহ ঝড়ের কারণে স্থানচ্যুত বা ক্ষতিগ্রস্ত নিউ ইয়র্কবাসীরা যাতে তাদের প্রয়োজনীয়

সহায়তা পায়। এছাড়াও গভর্নর ক্ষতিগ্রস্ত নিউ ইয়র্কবাসীর জন্য একটি নতুন অনলাইন রিসোর্স হাব শুরু করেছেন, যা পাওয়া যাবে এখানে ny.gov/ida। হাবটিতে কী কী সহায়তা প্রোগ্রাম আছে এবং আশ্রয় সেবা ও খাদ্য কোথায় খুঁজে পাওয়া যাবে সেই তথ্য প্রদান করবে। নিউ ইয়র্কবাসীর জন্য আরো যত শক্তিসম্পদ যোগ হতে থাকবে সাইটের তথ্য আপডেট করা হবে। এছাড়াও, আইডা পুনরুদ্ধার সেবা কেন্দ্রগুলির (Ida Recovery Service Centers) সমর্থনে স্টেট নিউ ইয়র্ক সিটির সাথে একসাথে কাজ করবে। এই কেন্দ্রগুলি ক্ষতিগ্রস্ত সম্প্রদায়গুলির প্রতিনিধিত্বকারী নির্বাচিত কর্মকর্তাদের সাহায্য নিচ্ছে এবং কোন কোন শক্তিসম্পদ ও সহায়তা পাওয়া যাবে সে সম্পর্কে তথ্য প্রদান করবে।

এছাড়াও গভর্নর হোচুল ফেডারেল জরুরি ব্যবস্থাপনা এজেন্সি (Federal Emergency Management Agency, FEMA) থেকে পূর্বে-লাভ করা 378 মিলিয়ন মার্কিন ডলার বিপদ প্রশমন তহবিল ব্যবহার করে চরম আবহাওয়ার মোকাবেলায় নিউ ইয়র্কের অবকাঠামো মজবুত করতে নির্দেশনা দিয়েছেন।

"আমাদের ডাউন স্টেট সম্প্রদায়গুলিতে নিউ ইয়র্কবাসীরা এখনো ক্ষতি কাটিয়ে উঠতে কাজ করছে, এবং আমি যেই অনুরোধটি স্বাক্ষর করে রাষ্ট্রপতি বাইডেনের কাছে জমা দিয়েছি তা ঝড়ের ফলে নিউ ইয়র্কবাসীরা যে অকল্পনীয় ক্ষয়ক্ষতির সম্মুখীন হয়েছে তার জন্য তাদের প্রাপ্য আর্থিক শক্তি সম্পদ নিশ্চিত করবে," **গভর্নর হোচুল বলেন।** "আমি পরিবারগুলির হৃদয়বিদারক কষ্ট নিজের চোখে দেখেছি এবং আমি প্রতিজ্ঞা করছি যে আমি তাদের ভুলে যাবো না এবং এই ক্ষতি কাটিয়ে উঠতে তাদের যা শক্তিসম্পদ প্রয়োজন তা যেন তারা পায় তা নিশ্চিত করবো। আমাদের পুনরুদ্ধার ও সমর্থন সেবার দলগুলি ঘটনাস্থলে অবস্থান করছে, এবং নিউ ইয়র্কবাসীরা পুনরায় নিজের পায়ে দাঁড়ানোর আগ পর্যন্ত তারা আমাদের পুনঃস্থাপন প্রচেষ্টা দ্বিগুণ করে "

একটি গুরুতর দুর্যোগ ঘোষণার ফলশ্রুতিতে ফেডারেল সরকারের আর্থিক সহায়তা পাওয়া যাবে যার ফলে স্থানীয় সম্প্রদায় ও ব্যক্তিগতভাবে নিউ ইয়র্কবাসীরা তাদের ঝড় থেকে পুনরুদ্ধার প্রক্রিয়া অব্যাহত রাখতে পারবে। সহায়তায় অন্তর্ভুক্ত থাকবে জরুরি প্রতিরক্ষামূলক ব্যবস্থা, রাবিশ অপসারণ এবং সরকারি ভবন ও অবকাঠামো মেরামতের তহবিল, এছাড়াও ব্যক্তিগত পর্যায়ে ও বাড়ির মালিকদের জন্য সরাসরি সাহায্য। এছাড়াও নিউ ইয়র্কবাসীরা বীমাহীন বা কম-বীমার দুর্যোগ-সৃষ্ট খরচ ও জরুরি প্রয়োজনের জন্য, যেমন ব্যক্তিগত সম্পত্তি মেরামত বা প্রতিস্থাপন, বা অপসারণ ও জমা রাখার জন্য তহবিল, বা মেডিক্যাল, ডেন্টাল ও চাইল্ড কেয়ারের জন্য তহবিল পেতে পারে। বাড়ির মালিক ও ভাড়াটিয়াদের উচিত তাদের ক্ষতি নথিভুক্ত করার জন্য সব প্রচেষ্টা করা।

অনুমোদিত হলে, যোগ্য বাড়ির মালিকরা তহবিল পাওয়ার জন্য FEMA এর সাথে সরাসরি কাজ করবে। সহায়তার মধ্যে অস্থায়ী হাউজিং ইউনিট, বাড়ি ও ড্রাইভয়ে মেরামত, বিপদ কাউন্সেলিং, বেকার সহায়তা ও আইনি সেবার জন্য তহবিল অন্তর্ভুক্ত থাকতে পারে।

যদিও নিউ ইয়র্কের প্রথম রেসপন্ডার এবং জরুরি ব্যবস্থাপনা দলসমূহ ঘটনাস্থলে ঝড় মোকাবেলা কর্মকাণ্ডে স্থানীয় অংশীদারদের সহায়তা করে যাচ্ছে, নিউ ইয়র্ক স্টেট ডিভিশন অফ হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস (Division of Homeland Security and Emergency Services, DHSES) ফেডারেল দুর্যোগ সহায়তা পেতে আবেদন করার জন্য

ক্ষতির মূল্যায়ন করতে বিশেষজ্ঞদের নিয়োগ দিয়েছে। প্রাথমিক ক্ষতির মূল্যায়ন শেষ হওয়ার পর ফেডারেল দিক থেকে পর্যালোচনা ত্বরান্বিত করতে স্টেট পুরো প্রক্রিয়াজুড়ে FEMA ও স্থানীয় অংশীদারদের সাথে সর্বদা যোগাযোগ রেখেছে।

এইসব প্রচেষ্টার ফলে, মূল্যায়নের প্রথম কিছু দিনের মধ্যেই, স্টেট ও ফেডারেল বিশেষজ্ঞরা অনুমান করেছেন যে ঝড়ের কারণে সরকারি অবকাঠামো ও সম্পত্তির 50 মিলিয়নের বেশি মার্কিন ডলার ক্ষয়ক্ষতি হয়েছে। FEMA'র জন সহায়তা প্রোগ্রামের (Public Assistance Program) মাধ্যমে সরকারি অবকাঠামোর পুনঃস্থাপনের তহবিল চাওয়া হচ্ছে যেটি রাষ্ট্রপতি একটি দুর্যোগ ঘোষণা করে দিলে স্থানীয় সরকারগুলোকে রাবিশ অপসারণ, জরুরি সুরক্ষামূলক ব্যবস্থা, ক্ষতিগ্রস্ত সরকারি-মালিকানার অবকাঠামো যেমন রাস্তা, স্কুল, সেতু, পার্ক, হাসপাতাল, পুলিশ স্টেশন, দমকল, পানি ও বর্জ্য পানির ট্রিটমেন্ট ফ্যাসিলিটি ও অন্যান্য সরকারি ফ্যাসিলিটির মেরামত ও পুনর্নির্মাণ ইত্যাদি কাজের জন্য ক্ষতিপূরণ প্রদান করে।

পাশাপাশি, গভর্নর 14টি কাউন্টির জন্য FEMA এর ব্যক্তিগত সহায়তা প্রোগ্রামের মাধ্যমে ফেডারেল তহবিলের অনুরোধ করছেন। এই প্রোগ্রামটি ব্যক্তি ও পরিবারকে সরাসরি সহায়তা প্রদান করে। একটি প্রাথমিক মূল্যায়ন প্রক্রিয়ার সময়, স্টেট, স্থানীয় ও ফেডারেল বিশেষজ্ঞরা নির্ণয় করেছেন যে 1,200 এরও বেশি বাসিন্দা ক্ষতির সম্মুখীন হয়েছেন।

গভর্নর প্রভাবিত কাউন্টিগুলির স্থানীয় দাপ্তরিক কর্মচারীদের শক্তি সম্পদের যেকোনো প্রয়োজন সরাসরি NY রেসপন্ডসে দাখিল করার জন্য তাদের কাউন্টি জরুরি ব্যবস্থাপকদের সাথে কাজ করা চালিয়ে যেতে অনুরোধ করছেন, NY রেসপন্ডস হল স্টেটের একটি ওয়েব-ভিত্তিক সিস্টেম যা স্থানীয় সরকার এবং স্টেট এজেন্সি উভয়কে গুরুত্বপূর্ণ জরুরি অবস্থা-সংক্রান্ত তথ্য ও শক্তি সম্পদের অনুরোধ দাখিল করতে দেয়।

গভর্নর হোচুলের নির্দেশে, স্টেট এজেন্সির জরুরি মোকাবেলা সম্পদ এখনো পরিচ্ছন্নতা ও পুনঃস্থাপন প্রচেষ্টায় স্থানীয় অংশীদারদের প্রয়োজনীয় সাহায্য করতে ঘটনাস্থলে অবস্থান করছে। ঝড়ের মোকাবেলা ও পরিচ্ছন্নতা অভিযানে স্টেট ও স্থানীয় প্রথম সাড়াদানকারীরা স্থানীয় সরকারগুলির সমর্থনে সম্পূর্ণভাবে নিযুক্ত আছে।

## এজেন্সির চলমান সাড়া প্রদানকারী কর্মকাণ্ড

**ডিপার্টমেন্ট অফ ফাইন্যান্সিয়াল সার্ভিসেস (Department of Financial Services, DFS)**
ডিপার্টমেন্ট অফ ফাইন্যান্সিয়াল সার্ভিসেসের মোবাইল কমান্ড সেন্টার তাদের সহায়তার প্রয়োজন শেষ হওয়া পর্যন্ত সকাল 9টা থেকে বিকাল 5টা পর্যন্ত প্রতিদিন ক্রান্তীয় নিম্নচাপ আইডার দ্বারা প্রভাবিত জরুরি অবস্থায় থাকা কাউন্টিগুলির নির্বাচিত স্থানে কাজ করবে। এই মোবাইল ইউনিটটি নিউ ইয়র্কবাসীদের ক্ষয়ক্ষতির জন্য পলিসি কভারেজ বিষয়ক বীমার তথ্য প্রদান করবে এবং তাদের ক্ষয়ক্ষতি কিভাবে নথিবদ্ধ করা যায় এবং সম্পদ কিভাবে নিরাপদ করা যায় সে ব্যাপারে পরামর্শ প্রদান করবে। কোনো অ্যাপয়েন্টমেন্ট লাগবে না এবং কোনো ব্যক্তি যদি নিজে আসতে না পারে তারা ডিপার্টমেন্টের দুর্যোগ হটলাইন নাম্বার 800-339-1759 এ ফোন করেও সাহায্য নিতে পারবে, প্রতিদিন সকাল 8:30টা থেকে বিকাল 4:30টা পর্যন্ত, এবং তারা ডিপার্টমেন্টের ওয়েবসাইট https://www.dfs.ny.gov/consumers/help_for_homeowners/disaster_floodথেকেও সাহায্য পাবে।

DFS বর্তমানে ক্ষতিগ্রস্ত এলাকায় তাদের দল ও শক্তিসম্পদের উপস্থিতি সম্প্রসারিত করার সুযোগ চিহ্নিত করার কাজ করছে।

**হোমল্যান্ড নিরাপত্তা ও জরুরি সেবা বিভাগ (Division of Homeland Security and Emergency Services, DHSES)**
মোকাবেলার প্রচেষ্টায় DHSES আমাদের স্থানীয়, স্টেট ও ফেডারেল পর্যায়ের অংশীদার এজেন্সিগুলির সাথে সমন্বয় অব্যাহত রেখেছে। স্টেট জরুরি কর্মকাণ্ড কেন্দ্র (State Emergency Operations Center) সক্রিয় আছে এবং পরিচ্ছন্নতা কাজে নিযুক্ত স্টেট এজেন্সিগুলির সাথে কাজ করছে। DHSES দলগুলি ঘটনাস্থলে এইসব প্রচেষ্টাকে সমর্থন করছে এবং পুরো প্রক্রিয়ার সময়জুড়ে স্থানীয় সরকারগুলিকে এবং কাউন্টির জরুরি ব্যবস্থাপকদের অতিরিক্ত শক্তি সম্পদ প্রদান করতে থাকবে।

**ডিপার্টমেন্ট অব এনভায়রনমেন্টাল কনজারভেশন (Department of Environmental Conservation, DEC)**
মানুষহীন আকাশযান ব্যবস্থা (ড্রোন) ও অন্যান্য প্রযুক্তি ব্যবহার করে, DEC পুলিশ কর্মকর্তা, বন কর্মচারী, জরুরি ব্যবস্থাপনা বিশেষজ্ঞ, স্পিল রেসপন্ডার, এবং অতিরিক্ত কর্মীরা আইডার ফলশ্রুতিতে ঝড়ের প্রভাব মূল্যায়ন, যেমন বর্জ্য পানি অবকাঠামোর সম্ভাব্য ক্ষতি পর্যবেক্ষণ, পেট্রোলিয়াম স্পিল এবং বাঁধ ও নদীতীরের বাঁধের অখণ্ডতা নিরীক্ষা করে দেখা অব্যাহত রেখেছে।

DEC নিউ ইয়র্কবাসীকে মনে করিয়ে দিচ্ছে যে যদি বন্যার পানি পেট্রোলিয়াম, রাসায়নিক দ্রব্য, অন্য বিপজ্জনক পদার্থ দ্বারা সংক্রামিত হয়, অনুগ্রহ করে DEC এর স্পিল হটলাইনে ফোন করুন (1-800-457-7362) https://www.dec.ny.gov/chemical/87175.html।

**ডিপার্টমেন্ট অফ পাবলিক সার্ভিস (Department of Public Service)**
ক্ষয় মূল্যায়ন, মোকাবেলা, মেরামত এবং পুনঃস্থাপন প্রচেষ্টায় পুরো স্টেটে নিউ ইয়র্ক ইউটিলিটির আনুমানিক 6,000 কর্মী কাজে নিযুক্ত আছে। ঝড় পুনঃস্থাপনের পুরো সময় DPS এর কর্মীরা ইউটিলিটিগুলির কাজে নজর রাখা অব্যাহত রেখেছে এবং সবথেকে ক্ষতিগ্রস্ত এলাকায় যাতে যথাযথ ইউটিলিটি কর্মী দেওয়া হয় তা নিশ্চিত করতে থাকবে। ঝড় পুনঃস্থাপনের প্রধান লক্ষ্য ঝড়টি দ্বারা সর্বাধিক ক্ষতিগ্রস্ত ডাউনস্টেট এলাকাগুলি।

**ডিপার্টমেন্ট অফ ট্রান্সপোর্টেশন (Department of Transportation, DOT)**
ক্ষতিগ্রস্ত রাস্তা পুনরায় নিরাপদে খুলে দিতে এবং সকল ব্যবহারকারীর জন্য রাস্তাগুলি নিরাপদে রাখা নিশ্চিত করতে ডিপার্টমেন্ট অফ ট্রান্সপোর্টেশনের 3,150 কর্মী কাজ করছে।

**নিউ ইয়র্ক স্টেট পুলিশ (New York State Police)**
নিউইয়র্ক স্টেট পুলিশ সমস্ত ট্রুপারকে সজাগ থাকতে এবং যে কোনও সমস্যার জন্য পরিস্থিতি নিবিড়ভাবে পর্যবেক্ষণ করার নির্দেশ দিয়েছে। প্রয়োজনে ক্ষতিগ্রস্ত এলাকায় অতিরিক্ত কর্মী মোতায়েন করা হবে। সকল চার চাকার যানবাহন এবং সকল বিশেষ যানবাহন কাজ করছে, যার মধ্যে রয়েছে ইউটিলিটি টেরেইন ভেহিকলস।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন